সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
SYLHET PALLI BIDYUT SAMITY-1
গোটাটিকর, কদমতলী, সিলেট।
টেলিফোনঃ ০৮-২১ ৮৮০০০৩, ওয়েব সাইট: pbs1.sylhet.gov.bd, ইমেইলঃ syl_pbs1@yahoo.com

স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০০২.০০৮.২১. ২৬৮৮ তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী মিটার টেষ্টার/ক্যাশিয়ার যাহারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন সে সকল অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, বর্ণিত পদসমূহে পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না।

**পদের নামঃ**

**০১। মিটার টেষ্টিং সুপারভাইজার (পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি)**

**মিটার টেষ্টিং সুপারভাইজার পদে পদোন্নতির যোগ্যতাঃ**

(ক) মিটার টেষ্টার পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসর সন্তোষজনক কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।
(খ) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের নূন্যতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ন হতে হবে।
(ঘ) অবশ্যই কম্পিউটার ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
(ঙ) চাকুরীর পারফরমেন্স এর জন্য উন্নত কলা কৌশল শেখার সামর্থ্য ও মানসিকতা থাকতে হবে।
(চ) এনার্জি মিটার মেরামত ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে কারিগরী জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।
(ছ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা অর্জন ও সকল শর্তাদি প্রতিপালন করতে হবে।

**পদের নামঃ**

**০১। ক্যাশিয়ার**

**ক্যাশিয়ার পদের যোগ্যতাঃ**

(ক) প্রার্থীকেই সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিতভাবে ০৭ বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের নূন্যতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ন হতে হবে।
(ঘ) প্রার্থীকে অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।
(ঙ) কম্পিউটারে বাংলা প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।
(চ) গ্রাহকের সাথে বিনয়ী ও প্রফুল্ল আচার আচরন প্রকাশের ক্ষমতা থাকতে হবে।
(ছ) নিয়োগের জন্য নির্ধারিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকা (সহকারী ক্যাশিয়ার হিসেবে ২০,০০০/= টাকা পূর্বে জমা থাকা সাপেক্ষে) সমিতির ক্যাশ শাখায় নিরাপত্তা জামানত জমা দিতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে।
(জ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা অর্জন ও সকল শর্তাদি প্রতিপালন করতে হবে।

**শর্তাবলীঃ**

(ক) আবেদনকারী পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রের সাথে পূর্ণ জীবন বৃত্তান্ত, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
(খ) পবিস নির্দেশিকা অনুযায়ী সকল প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(গ) সর্বশেষ তিন বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।
(ঙ) আবেদন পত্রের সহিত সংযুক্ত সকল কাগজপত্র যথাযথভাবে সত্যায়িত হতে হবে।
(চ)) নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
(ছ) সাক্ষাতকার পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
(জ) পদোন্নতির প্রদানের ক্ষেত্রে "পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৪, ৩০০-১৭,৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

(ঝ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

**উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্নিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ১ বছর কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থ্যাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরুপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকালে হিসেবে গন্য হবে;

আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রসহ আগামী ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

২১/১২/২১

(প্রকৌ. এস. এম. হাসনাত হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, --------------------------------পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম,(কারিগরী-সদর দপ্তর), গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/জকিগঞ্জ/বিশ্বনাথ/ওসমানীনগর জোনাল অফিস/ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-১।
০৫। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।
০৬। এজিএম(অর্থ-হিসাব/অর্থ- রাজস্ব/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), সিলেট পবিস-১।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি, সিলেট পবিস-১: পবিস ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য।
০৮। নোটিশ বোর্ড, সিলেট পবিস-১।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

২১/১২/২১

(প্রকৌ. এস. এম. হাসনাত হাসান)
জেনারেল ম্যানেজার